



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/পনি/জেএসসি/২০১৫/৮২০

তারিখঃ ০৮ অক্টোবর ২০১৫ খ্রি.

- বিষয়ঃ বরিশাল শিক্ষাবোর্ডের ২০১৫ সালের জেএসসি পরীক্ষার প্রত্যেক বিষয়/পত্রের দুই সেট প্রশ্নপত্রের মধ্যে নির্দিষ্ট সেটের প্রশ্নপত্র ব্যবহার সম্পর্কে বিশেষ নির্দেশাবলি।
- ০১। ২০১৫ সালের জেএসসি পরীক্ষায় প্রত্যেক বিষয়ের ০২ (দুই) সেট প্রশ্নপত্র 'ক' সেট ও 'খ' সেট চিহ্নিত সিলমোহরকৃত পৃথক পৃথক ট্রাংকে আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট হস্তান্তর করা হলো।
 - ০২। কোন দিৱে রচনামূলক পরীক্ষায় কোন সেট প্রশ্নপত্র ব্যবহার করা হবে তার বিশেষ নির্দেশাবলি সিল করা একটি বড় খামে আপনার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট হস্তান্তর করা হলো।
 - ০৩। প্রতি পরীক্ষার দিন সকাল ০৮.০০ টার পরে সিল করা বড় খামটি খুলতে হবে এবং ঐ খামের মধ্যে তারিখ সংবলিত ছোট খাম পাওয়া যাবে। সেই দিনের তারিখ সংবলিত খামটি বের করে অন্য দিনের খামগুলি বড় খামে রেখে পুনরায় সিল করে রাখতে হবে। উক্ত ছোট খামের ভিতর পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক স্বাক্ষরিত একটি কাগজে ঐদিন কোন সেট প্রশ্নপত্র ব্যবহার করতে হবে তা সুনির্দিষ্টভাবে নির্দেশ করা আছে এবং ঐ নির্দেশ মতো প্রশ্নপত্র ব্যবহার করতে হবে।
 - ০৪। ঐ দিনের ছোট খামটি খোলার সময় তত্ত্বাবধায়ক অফিসার/ট্রেজারি অফিসার/ নির্বাহী ম্যাজিস্ট্রেট/কেন্দ্রসচিব অথবা তাঁর মনোনীত প্রতিনিধিকে উক্ত খামের উপর প্রত্যয়ন করতে হবে।
 - ০৫। পরীক্ষা কেন্দ্রের কেন্দ্রসচিব/তত্ত্বাবধায়ক অফিসার প্রশ্নপত্রের সঠিক সেটের ব্যবহার নিশ্চিত করবেন।
 - ০৬। পরীক্ষা অনুষ্ঠানের পর ফল প্রকাশ না হওয়া পর্যন্ত ব্যবহৃত খাম ও সেট নির্দেশিকা কেন্দ্রের কেন্দ্রসচিবের নিকট রক্ষিত থাকবে।
 - ০৭। প্রতি কেন্দ্রের প্রশ্নপত্রের স্টক ও ব্যবহার সম্পর্কিত বিশেষ নির্দেশের খামগুলি বোর্ডের তদারককারী ডায়ামাণ অফিসারগণ প্রয়োজনবোধে পরীক্ষা করতে পারবেন।



মুহাম্মদ শাহ আলমগীর

পরীক্ষা নিয়ন্ত্রক

ফোন: ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল-barisalboard@gmail.com

জেলা প্রশাসক

বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ পটুয়াখালী/ বরগুনা/ ভোলা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ২। কেন্দ্রসচিব
বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল কেন্দ্রসচিব, জেএসসি পরীক্ষাকেন্দ্র-২০১৫
- ৩। সংরক্ষণ